

ন্যায়বিচার বার্তা

দরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের আইনি সহায়তা প্রদানের লক্ষ্যে কোস্ট ফাউন্ডেশন জুলাই, ২০২১ থেকে এক্সেস টু জাস্টিস নামক প্রকল্প জিআইজেডের কারিগরি সহায়তায় বাস্তবায়ন করে যাচ্ছে। আর্থিকভাবে অসচ্ছল, লিঙ্গীয় বৈচিত্র্যের জনগোষ্ঠী ও প্রতিবন্ধী ব্যক্তিদের আইনগত সেবা প্রদান এবং মামলাজট নিরসনে দেশের প্রাচীনকালের সালিশি ব্যবসাকে ব্যবস্থাকে আরও কার্যকর, অংশগ্রহণভিত্তিক এবং পুনঃস্থাপনমূলক করে কমিউনিটি পর্যায়ে আপসযোগ্য ফৌজদারি ও দেওয়ানি অপরাধের মীমাংসা করা এই প্রকল্পের মূল লক্ষ্য।

লিগ্যাল এইড ক্লিনিকের মাধ্যমে কমিউনিটিতে আইনি পরামর্শ, রেফারেল ও তথ্য প্রদান



লিগ্যাল এইড ক্লিনিক, চাতরী ইউনিয়ন, ২৭ ফেব্রুয়ারী ২০২২, ছবি: মামুনুর রশিদ।

সরকারী আইনগত সহায়তা বিষয়ে তৃণমূল পর্যায়ে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাস্তবায়নকারী সহযোগি এনজিও কোস্ট ফাউন্ডেশন চট্টগ্রাম জেলার আনোয়ারা ও বাঁশখালী উপজেলায় এবং বরিশাল জেলার বাবুগঞ্জ ও বাকেরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে লিগ্যাল এইড ক্লিনিক আয়োজন করে।

লিগ্যাল এইড ক্লিনিক হলো তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিতভাবে আইনি তথ্য ও পরামর্শ প্রদানের একটি কার্যকর উপায় বা মাধ্যম।

লিগ্যাল এইড ক্লিনিকের মাধ্যমে-ক. উপস্থিত মানুষের মধ্যে সরকারী আইনগত সহায়তা, বিভিন্ন আইন ও অধিকার বিষয়ে সচেতনতা তৈরি, খ. সমস্যা অনুযায়ী মানুষকে আইনি পরামর্শ প্রদান এবং গ. আইনি সহায়তা লাভের জন্য বিচারপ্রার্থীকে যথোপযুক্ত প্রতিষ্ঠানের রেফার বা প্রেরণের সুপারিশ করা হয়, ফলে তৃণমূল পর্যায়ে মানুষের ন্যায়বিচার ও সরকারী আইনগত সহায়তা পাওয়ার পথ আরও সুগম হয়।

আইন সহায়তার তথ্য ও সচেতনতায় উঠান বৈঠক

কোস্ট ফাউন্ডেশন কমিউনিটিতে ন্যায়বিচারে প্রবেশাধিকার প্রকল্পের উঠান বৈঠকের মাধ্যমে তৃণমূল পর্যায়ে মানুষের মধ্যে সরকারি আইনি সহায়তা ও সামাজিক নিরাপত্তা বেটনী আওতায় বিভিন্ন কর্মসূচি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হয়।

বরিশাল ও চট্টগ্রাম জেলায় ফেব্রুয়ারী মাসে মোট ৩৮টি উঠান বৈঠক করা হয়, যার ফলে সর্বমোট ৪২৬ জন্য অংশীজন, নারী ৩০৯ ও পুরুষ ১১৭ জনকে সরকারি আইনগত সহায়তা ও সামাজিক নিরাপত্তা বেটনী সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান করা হয়, এছাড়াও সরকারি আইনগত সহায়তার জন্য যেকোন পরামর্শ ও সেবা পাওয়ার জন্য হট লাইন নাম্বার প্রদান করা হয়।



D:\v\k, P\i\c\k\ B\i\q\q, t\c\k\i\ 2022, Q\i\c\k\ R\i\c\k\

অংশীদারি ব্যবসার বিরোধ নিষ্পত্তি

বাঁশখালী উপজেলার অর্ন্তগত খানখানাবাদ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মোঃ সাইমুন রুবেল এবং একই গ্রামের মোঃ আলম দুইজন মিলে একটি অংশীদারের ভিত্তিতে ব্যবসা পরিচালনা করেন।

সম্পত্তি ব্যবসায়ের ক্ষতি হওয়ায় মোঃ সাইমুন তার অংশটি অন্য পক্ষের নিকট বিক্রয় করতে চাইলে মোঃ আলম তাতে বাধা দেয়, তাই মোঃ সাইমুনের থেকে পরিদ্রাণ পেতে সৃষ্ট বিচারের জন্য স্থানীয় আরজে সহায়ক মোঃ সিরাজুল মোস্তফার নিকট আবেদন করেন। মোঃ সিরাজুল মোস্তফা দুইপক্ষের সাথে আলোচনা করে স্থানীয় গন্যমান্য ব্যক্তিসহ সালিশি বৈঠকের মাধ্যমে মীমাংসা করে দেন, যার ফলে উভয়ই তাদের সিদ্ধান্ত মেনে নিয়ে আবার ব্যবসা পরিচালনা করেন। এখন তারা সুন্দরভাবে মিলেমিশে ব্যবসা করেন।



মেডিয়েশন, চরাদি, বাকেরগঞ্জ, বরিশাল; ফেব্রুয়ারী ২০২২, ছবি: মোঃ সোহাগ হাওলাদার

রেফারেল

ইউনিয়নের সুবিধা বর্ধিত জনগনের জন্য সামাজিক নিরাপত্তা বেটননী ও আইনগত রেফারেল করা হয় মোট ৩৪টি যার মধ্যে বরিশালে ২৮টি এবং চট্টগ্রামে ৬টি।

ডাইভারশন

বরিশাল জেলার বাবুগঞ্জ ও বাকেরগঞ্জ উপজেলায় এবং চট্টগ্রাম জেলার আনোয়ারা ও বাঁশখালীর থানা, পুলিশফাঁড়ি ও আদালতে মামলার জট নিরসনের লক্ষ্যে ডাইভারশন করা হয়। মোট ৭ টি। যার মধ্যে বরিশাল ৬ টি এবং চট্টগ্রাম ১ টি।

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য

মোবাইল: ০১৭১৩-৩২৮৮৩০, ০১৭১৩-৩২৮৮২১

ইমেইল: jahirul@coastbd.net
dilder@coastbd.net

ওয়েবসাইড: www.coastbd.net

অভিজ্ঞতা বিনিময়ে পিএনজিও সমন্বয় সভা

জিআইজেডের কারিগরি সহযোগিতায়, চট্টগ্রাম ও বরিশাল জেলার সহযোগী এনজিও সমূহের মধ্যে মাসিক পিএনজিও সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এভাবে পিএনজিওদের মধ্যে পারস্পরিক সম্পর্ক মজবুত ও লিগ্যাল রেফারেল এবং ডাইভারশনের কাজের যোগসূত্র তৈরী হয়।



মাসিক পিএনজিও সমন্বয় সভা, কোস্ট অফিস চট্টগ্রাম, ৯ ফেব্রুয়ারী ২০২২, ছবি: মায়ুনুর রশিদ।

মাসিক কার্যক্রমের বিবরণঃ

ক্রঃ নং	কার্যক্রমের নাম	টার্গেট	অর্জন
১.	মাসিক প্রকল্প স্টাফ সমন্বয় সভা	০২	০২
২.	মাসিক পিএনজিও সমন্বয় সভা	০২	০২
৩.	মাসিক আরজেএফ সমন্বয় সভা	১৫	১৫
৪.	মাসিক ইউনিয়ন স্টেকহোল্ডার সমন্বয় সভা	১৫	০৪
৫.	ত্রিমাসিক লিগ্যাল এইড ক্লিনিক	০৮	০৬
৬.	মাসিক ডিল্যাক সভা	০২	০২
৭.	আরজে ও মেডিয়েশন	১০৫	১৩২
৮.	রেফারেল	৯৭	৩৪
৯.	ডাইভারশন	১৫	৭